

বাকুবিতে ২৫০০ শিশুকে দুধ পান

রিয়াজ হোসাইন, বাকুবি

০২ জুন ২০২৫, ১২:০০ এএম



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গতকাল আয়োজিত অনুষ্ঠানে শিশুরা - আমাদের সময়

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) ১৩তম বিশ্ব দুর্ঘ দিবস উদযাপিত হয়েছে। দেশে ডেইরি শিল্পের বিকাশ এবং দুধ ও দুর্ঘজাত পণ্যের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এবারের প্রতিপাদ্য 'আসুন দুর্ঘশিল্প এবং দুর্ঘের প্রভাব উদযাপন করি' নির্ধারণ করা হয়েছে। দিবসটি উপলক্ষে গতকাল রাবিবার সকালে ২ হাজার শ্রে স্কুল শিক্ষার্থীকে দুধ পান করানো হয়। এ ছাড়াও গত শনিবার শিশু কিশোরদের চিরাক্ষন প্রতিযোগিতা ও হোম কিচেন ডেইরি রেসিপি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

UNIBOTS

গতকাল সকালে পশ্চালন অনুষদের সামনে বেলুন ও পায়রা উড়িয়ে দিবসের উদ্বোধন করেন বাকুবির ছাত্রবিষয়ক উপদেষ্টা ও ভারপ্রাণ্ড উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল হক। এরপর একটি বর্ণাচ্য র্যালি বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে এসে শেষ হয়। পরে সেখানে দুর্ঘ দিবসের ওপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই দিবসটির আয়োজন করে বাকুবির ডেইরি বিজ্ঞান বিভাগ।

মূল প্রবন্ধ উপস্থাপনের সময় বাকুবির ডেইরি বিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ আশিকুল ইসলাম জানান, বিশ্বস্থান্ত্য সংস্থার মতে, একজন প্রাণ্ডবয়স্ক ব্যক্তির প্রতিদিন ২৫০ মিলি লিটার দুধ প্রয়োজন। সেখানে আমাদের প্রাপ্যতা মাত্র ২৩৫ মিলি লিটার।

প্রতিবছর দেশে প্রায় ৪ হাজার কোটি টাকার দুধ ও দুর্ঘজাত পণ্য আমদানি করতে হয়। দুধের উৎপাদন ঘাটতির পেছনে সবচেয়ে বড় সমস্যা হলো ভালো জাতের দুধেল গাভীর অভাব, গো-খাদ্যের স্বল্পতা ও উচ্চমূল্য এবং দুধ বাজারজাতকরণের জটিলতা। এ ছাড়াও দুধ পানের অনাগ্রহী। তাই দুধের উৎপাদন বাড়াতে হলে দুধ পানের অভ্যাস গড়ে তুলতে হবে এবং দুধ ও দুর্ঘজাত পণ্যের উৎপাদন বাড়াতে হবে। এ ছাড়াও ডেইরি উন্নয়ন বোর্ডকে পুনর্গঠন ও শক্তিশালী করতে হবে।

অ্যানিমেল হাজবেন্ডি অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. মো আবুল হাশেম বলেন, গাভীর দুধে থাকা ল্যাকটোজ ও অন্যান্য নিউট্রিয়েন্ট যেমন ক্যালসিয়াম, ভিটামিন বি১২, প্রোটিন ও ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড মন্তিক্ষের বিকাশ ও স্মৃতিশক্তি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশেষ করে ৬০ থেকে ৬৯ বছর বয়সীদের জন্য প্রতিদিন ২ থেকে ৩ গ্লাস দুধ পান স্মৃতিশক্তি হ্রাস এবং দ্রুত বার্ধক্য প্রতিরোধে সহায়ক। গবেষণায় দেখা গেছে, যারা নিয়মিত দুধ পান করেন, তাদের সার্বিক স্নায়ুতন্ত্রের কার্যকারিতা দীর্ঘস্থায়ী হয়।

প্রসঙ্গত, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) উদ্যোগে সর্বপ্রথম ২০০১ সালে বিশ্ব দুর্ঘ দিবস উদযাপন শুরু হয়। এর ধারাবাহিকতায় ২০১৩ সাল থেকে বাংলাদেশও এই দিবসটি উদযাপন করা হচ্ছে।

বাকুবির ডেইরি বিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক ড. একেএম মামুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চালন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রফিল আমিন, নেসলে বাংলাদেশের রেগুলেটরি অ্যান্ড সায়েন্টিফিট এফেয়ার্স প্রধান রেবেকা শারমিন। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাকুবির ডেইরি বিজ্ঞান বিভাগের অধ্যাপক (অবসরপ্রাণ্ড) ড. এমএ সামাদ খান, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের কোষাধ্যক্ষ অধ্যাপক (অবসরপ্রাণ্ড) ড. মো. নুরুল ইসলাম, বাংলাদেশ অ্যানিমেল হাজবেন্ডি অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. মো. আবুল হাশেম।